গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১৮৫

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
০২ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

১। আবহাওয়ার সতর্কবার্তা:

উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকায় দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু প্রবল অবস্থায় রয়েছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালা তৈরী অব্যাহত রয়েছে ও বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। উত্তর বঙ্গোপসাগর, বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দর সমূহকে ০৩ (তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

২। আজ ০২ জুলাই, ২৪ খ্রি: তারিখ সকাল ১০.০০টা থেকে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:
রংপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। আজ ০২ জুলাই, ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:
সিনপটিক অবস্থা: মৌসুমী বায়ুর অক্ষ পাঞ্জাব, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় রয়েছে।

পূর্বাভাসঃ

প্রথম দিন (০২.০৭.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে) :

বৃষ্টিপাত: রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের সামান্য হ্রাস পেতে পারে।

দ্বিতীয় দিন (০৩.০৭.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে) :

বৃষ্টিপাত: রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

তৃতীয় দিন (০৪.০৭.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে) :

বৃষ্টিপাত: রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা: এ সময়ের শেষের দিকে বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবণতা হ্রাস পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	রাজশাহী	রংপুর	ময়মনসিংহ	সিলেট	চট্রগ্রাম	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩১.৯	৩৩.৭	৩৩.২	৩০.০	২৯.৬	৩১.৫	৩২.৭	৩০.৬
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.৭	২৫.৭	২৫.৩	২৫.৫	২৪.৬	২৩.৭	২৬.৩	২৫.৮

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল জয়পুরহাট ৩৩.৭^{0} সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা বান্দরবান ২৩.৭^{0} সে।

(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

৪। বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা

(১৮ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ /০২ জুলাই, ২০২৪ খ্রিঃ)

এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ

- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল সামগ্রিকভাবে বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল, দক্ষিণ-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে আগামী ২৪ ঘন্টায় ভারি বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে।
- আগামী ২৪ ঘন্টায় উত্তরাঞ্চলের তিস্তা, ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল সময় বিশেষে বৃদ্ধি পেয়ে কতিপয় পয়েন্টে স্বল্পমেয়াদে বিপদসীমা অতিক্রম করতে পারে।
- আগামী ৪৮ ঘন্টায় ব্রহ্মপুত্র নদের পানি সমতল বৃদ্ধি পেয়ে কতিপয় পয়েন্টে বিপদসীমা অতিক্রম করতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় উত্তর-পূর্বাঞ্চলের সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোনা জেলার কতিপয় নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির সামান্য অবনতি হতে পারে এবং মৌলভীবাজার জেলার বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ-পূর্বাঞ্চলের মুহুরী, ফেনী, হালদা, সাঙ্গু ও মাতামুহুরী নদীসমূহের পানি সমতল সময় বিশেষে বৃদ্ধি পেয়ে বিপদসীমার কাছাকাছি প্রবাহিত হতে পারে।

-

সমতল ও বৃষ্টিপাত স্টেশন আউটলুক

(১৮ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ /০২ জুলাই, ২০২৪ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী)

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন:

পানি সমতল স্টেশন	নদীর নাম	মৌসুমী বিপদসীমা (মিটার)	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.)
কানাইঘাট	সুরমা	১২.৭৫	১৩.৯৩	+৮৮	+১১৮
সুনামগঞ্জ	সুরমা	৭.৮০	৮.০৭	+২৪	+২৭
অমলশিদ	কুশিয়ারা	১৫.৪০	১৬.১১	+৯৯	+৭১
শেওলা	কুশিয়ারা	১৩.০৫	১৩.২৭	+৬৪	+২২
শেরপুর-সিলেট	কুশিয়ারা	৮.৫৫	৮.৬২	+২৪	+০৭
মারকুলি	কুশিয়ারা	৭.০৫	৭.৩৭	+১৯	+৩২
মৌলভীবাজার	মনু	১১.৩০	১১.৪	+২৩৫	+১০
কলমাকান্দা	সোমেশ্বরী	৬.৫৫	৭.১২	+৪৩	+৫৭
নাকুয়াগাও	ভুগাই	২১.৯৫	২১.৯৭	+৪৬	+০২

গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য

বাংলাদেশের অভ্যন্তরে:

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
জাফলং (সিলেট)	৩০৯.০	সুনামগঞ্জ	৩০০.০	লালাখাল (সিলেট)	২৮২.০
ছাতক (সিলেট)	২৩০.০	লরেরগড় (সুনামগঞ্জ)	২১১.০	সিলেট	১৯৮.০
মহেশখোলা (সুনামগঞ্জ)	১৯৪.০	শেরপুর-সিলেট (মৌলভীবাজার)	১৮৩.০	টেকনাফ (কক্সবাজার)	১৮৩.০
জারিয়াজাঞ্জাইল (নেত্রকোনা)	১৭৫.০	রামগড় (চট্রগ্রাম)	১৬৯.০	দূর্গাপুর (নেত্রকোনা)	১৬০.০
পাটেশ্বরী (কুড়িগ্রাম)	১৪২.০	দেওয়ানগঞ্জ (জামালপুর)	১৪০.০	চিলমারী (কুড়িগ্রাম)	১৩০.০
জকিগঞ্জ (সিলেট)	১২৯.০	নারায়নহাট (চট্রগ্রাম)	১২৯.০	কুড়িগ্রাম	১১৯.০
চট্রগ্রাম	১০৭.০	কানাইঘাট (সিলেট)	১০৬.০	কাউনিয়া (রংপুর)	১০৬.০
নাকুয়াগাও (শেরপুর)	১০৫.০	লাটু (সিলেট)	১০০.০	রংপুর	৯৮.০

বান্দরবন	৯০.০	লামা (বান্দরবন)	৮৬.০	কক্সবাজার	৮১.০
শেওলা (সিলেট)	৭৭.০	পরশুরাম (ফেনী)	৭৫.০	নোয়াখালী	৭৫.০
গাইবান্ধা	৭২.০	বদরগঞ্জ (রংপুর)	৭১.০	ঢাকা	৭০.০
ডালিয়া (রংপুর)	৬৮.০	পঞ্চগড়	৬৭.০	কমলগঞ্জ (মৌলভীবাজার)	৬৩.০
শ্রীমঙ্গল (সিলেট)	৬২.০	ফরিদপুর	৫২.০	জামালপুর	৪৭.০

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)		
চেরাপুঞ্জি (মেঘালয়)	১৪১.০	কুচবিহার (পশ্চিম বঙ্গ)	১২৭.০	দার্জিলিং (পশ্চিমবঙ্গ)	১২৩.০
ধুব্রি (আসাম)	৯৯.০	কালিমপং (পশ্চিমবঙ্গ)	৯৭.০	আইজল (মিজোরাম)	৯৪.০
কৈলাশহর (ত্রিপুরা)	৬৮.০	শিলিগুড়ি (পশ্চিমবঙ্গ)	৬৮.০	গোয়ালপাড়া (আসাম)	৬৪.০
শিলচর (আসাম)	৬৩.০	আগরতলা (ত্রিপুরা)	৬০.০	জলপাইগুড়ি (পশ্চিমবঙ্গ)	৩২.০

-

নদ-নদীর অবস্থা

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১১০	গেজ স্টেশন বন্ধ আছে	০০
বৃদ্ধি	৯০	গেজ পাঠ পাওয়া যায়নি	০
হ্রাস	১৯	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০১	বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা	০৯
বিপদসীমার উপরে নদীর সংখ্যা			০৫
বন্যা আক্রান্ত জেলার সংখ্যা			০৫

৫। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ৩০ জুন, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০১ জুলাই, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ০৩টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	১	০	০
২।	ময়মনসিংহ	০	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	চট্টগ্রাম	১	০	০
৭।	খুলনা	০	০	০
৮।	রংপুর	০	০	০
	মোট	০৩	০	০

০২-০৭-২০২৪

জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১৮৫/১ (১৩)

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
০২ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৩। সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৪। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ;
৫। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
৬। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
৭। বিভাগীয় কমিশনার (সকল);
৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;
৯। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১০। জেলা প্রশাসক (সকল);
১১। প্রোগ্রামার (চলতি দায়িত্ব), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। এবং
১৩। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০২-০৭-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা